

## সমকাল

# রাবিতে রসায়ন সমিতির দুই দিনব্যাপী সম্মেলন

০৯ নভেম্বর ২০১৯ | Updated ০৯ নভেম্বর ২০১৯

---

রাবি প্রতিনিধি

---



বাংলাদেশ রসায়ন সমিতির দুই দিনব্যাপী সম্মেলন রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) শুরু হয়েছে। শনিবার বিশ্ববিদ্যালয়ের শহীদ তাজউদ্দিন আহমেদ সিনেট ভবনে সম্মেলনের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক এম আব্দুস সোবহান।

বাংলাদেশ রসায়ন সমিতির সভাপতি আব্দুল করিমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক আনন্দ কুমার সাহা ও অধ্যাপক চৌধুরী মো. জাকারিয়া। সম্মেলনটির আয়োজন করেছে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগ।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক অধ্যাপক এম নজরুল ইসলাম। এছাড়াও বক্তব্য দেন বাংলাদেশ রসায়ন সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ইকবাল রউফ মতিন। ধন্যবাদ জ্ঞাপন করেন সম্মেলন প্রস্তুতি কমিটির সদস্যসচিব অধ্যাপক এম শাহেদ জামান। সম্মেলনে কোরিয়া, জাপান, ভারতসহ দেশ-বিদেশের শতাধিক রসায়নবিদ অংশ নিয়েছেন।